যুগান্তর

তারিখ ... 10-DEC 2002
পৃষ্ঠা ... ২ কলাম ৬

# চট্টগ্রাম সরকারি কমার্স কলেজে বেসরকারি প্রতিষ্ঠান : খরচ কলেজের, লাভ প্রতিষ্ঠানের

চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রাম সরকারি কমার্স কলেজের ভবন, শিক্ষক, কর্মচারী, আসবাবপত্রসহ অন্যান্য সুযোগ-সুবিধা ব্যবহার করে কলেজের ভেতরেই গড়ে উঠেছে বেসরকারি প্রতিষ্ঠান ইনস্টিটিউট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (আইবিএস)। কোন ধরনের 'সরকারি অনুমোদন ছাড়া গড়ে ওঠা' প্রতিষ্ঠানটি কলেজের সব সুবিধা ব্যবহার করলেও এ জন্য কলেজকে এক টাকাও পরিশোধ করে না। পাশাপাশি ছাত্রছাত্রী ও অভিভাবকরা মনে করেন, আইবিএস সরকারি কমার্স কলেজের শাখা প্রতিষ্ঠান।

কারণ হিসেবে জানা যায়, প্রতিষ্ঠানটির পরিচালক মোহাম্মদ আলী ২০০০ সালে আইবিএসকে কমার্স কলেজে স্থানান্তর করেন। তার স্ত্রী এ সময় কমার্স কলেজের অধ্যক্ষের দায়িত্বে থাকায় তাকে সরাসরি নানাভাবে সহযোগিতা করেন। এ সময় কমার্স কলেজ ও আইবিএসের মধ্যে একটি দ্বিপক্ষীয় চুক্তি স্বাক্ষরিত হয়। এতে দ্বিতীয় পক্ষে স্বাক্ষর করেন আইবিএসের পরিচালক মোহাম্মদ আলী ও প্রথম পক্ষে স্বাক্ষর করেন তারই স্ত্রী যিনি সে সময় কলেজের অধ্যক্ষ। চুক্তিতে আইবিএসকে কলেজের ভবনসহ অন্যান্য সুযোগ সুবিধা গ্রহণের

অনুমতি দেয়া হলেও বিনিময়ে কলেজ কী পাবে তার কোন উল্লেখ নেই এবং এ পর্যন্ত কলেজ কর্তৃপক্ষ কোন টাকা-পয়সা পায়নি।

জানা যায়, মোহাম্মদ আলী নগরীর সাগরিকা রোডে তার বাসায় প্রথমে আইবিএস প্রতিষ্ঠা করেন। কিন্তু দু'বছরেও কোন ছাত্রছাত্রী না পাওয়ায় ২০০০ সালে তার স্ত্রী কমার্স কলেজের অধ্যক্ষের দায়িত্ব পেলে তিনি স্ত্রীর সহযোগিতায় প্রতিষ্ঠানটিকে কমার্স কলেজে স্থানান্তর করেন। বর্তমানে এটির শিক্ষার্থী ৭০ থেকে ৮০ জন এবং কলেজের দু'টি কক্ষে এর কার্যক্রম চলে। এখানে ভর্তির জন্য প্রত্যেক ছাত্রকে দেড় লাখ টাকা দিতে হয়।

আইবিএস কর্তৃপক্ষ ২০০০ সালে কলেজের ভবন ব্যবহারের অনুমতি চেয়ে শিক্ষা মন্ত্রণালয়ে আবেদন করে। মন্ত্রণালয় এ ব্যাপারে মতামত চেয়ে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদফতরের মত চায়। অধিদফতর থেকে এ ব্যাপারে নেতিবাচক মত দেয়া সত্ত্বেও তৎকালীন অধ্যক্ষ কয়েকটি মত জুড়ে দিয়ে আইবিএসকে কলেজের সব সুবিধা ভোগের অনুমতি দেন। বর্তমানে এটি একটি লাভজনক প্রতিষ্ঠান।